ইকফাই-এ বিজ্ঞানদিবস রক্তদান ১০৯ পড়ুয়ার

কামালঘাট, ১ মার্চ ঃ

ভাঁড়ারে টান পড়েছে শুনেই রক্তদানে এগিয়ে এলো ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। জাতীয় বিজ্ঞানদিবস উদ্যাপনকে স্মরণীয় করে রাখতে বুধবার সকালে মহতী কাজের ছাপ রাখলো বিশ্ববিদ্যালয়ের একঝাঁক পড়ুয়া এবং শিক্ষক-অশিক্ষক কর্মচারী। মুমূর্য রোগীদের প্রয়োজন মেটাতে স্বেচ্ছায় রক্তদান করলো মোট ১০৯ জন ছাত্রছাত্রী। এদের উৎসাহ জোগাতে রক্ত দিলেন ছ'জন শিক্ষক-অশিক্ষক কর্মচারীও। রক্তদান শিবির ঘিরে পড়ুয়াদের উৎসাহ ছিল চোখে পড়ার মত। প্রথমবার রক্ত দিয়ে এদের অনেকের মুখেই ছিল তৃপ্তির হাসি। শিবিরে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত নিবন্ধক ডঃ মাধবী শর্মা এবং বিশিষ্ট কয়েকজন শিক্ষক-শিক্ষিকা।

এদিন বিকালে আয়োজিত হয় জাতীয় বিজ্ঞান দিবস উদ্যাপনের মূল অনুষ্ঠান। হলভর্ত্তি ছাত্রছাত্রীদের উপস্থিতিতে অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্বদের প্রিলিসপাল সায়েন্টিফিক অফিসার ডঃ মিহিরলাল রায়। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশিষ্ট পদার্থবিদ্যা শিক্ষক তথা বিদ্যালয়শিক্ষা দপ্তরের ভূতপূর্ব অধিকর্তা রণজিত দেবনাথ এবং ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অনির্বাণ গুহ। অতিথিদের সবাই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের জীবনের প্রতিটি ক্ষেত্রে বিজ্ঞানমনস্ক হওয়ার আবেদন জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত নিবন্ধক ডঃ মাধবী শর্মা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের প্রবীন শিক্ষক অধ্যাপক বিভাসকান্ত মুখোপাধ্যায়।

প্রেস বিবৃতি

109 ICFAI pupil donate blood on Ntl. Science Day

Kamalghat, March-1:

The students, staff and faculty members have set yet another instance of social contribution by voluntarily donating blood when stock at different blood banks has considerably reduced. The University had opted to organize a blood donation camp on Wednesday to mark observance of National Science Day. The students mainly took a lead role in offering to donate blood in response to appeal of different social organization. Put together 115 staff, students and faculty members donated blood and of them 109 were students. At an average the figure does not normally cross 60 in different blood donation camps but ICFAI University Tripura has outnumbered all recent figures. Registrar In-Charge Dr. Madhavi Sharma and Coordinator of Faculty of Humanities and Social Sciences Prof. Mousumi Biswas were throughout present in the camp to encourage the donors.

Besides the blood donatiuon camp, the main function was organized in the afternoon. The function was graced among others by Dr. Mihirlal Roy, Principal Scientific Officer of Tripura State Council for Science & Technology, Mr. Ranjit Kumar Debnath, the President of Tripura Chapter of Indian Physics Teachers' Association and Dr. Anirban Guha, the Assistant Professor of Tripura Central University. The guests urged upon the students to be superstition-free and consider all relevant factors of scientifically. The function was presided over by Registrar In-Charge Dr. Madhavi Sharma while Prof. Bibhash Kanta Mukherjee conveyed vote of thanks.

PRESS RELEASE